



বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল)
প্রধান কার্যালয়, টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।

নং- ১৪.৩৩.০০০০.০২৪.০৪.১৬৮.১৫

তারিখ: ০৬-১০-২০১৬ খ্রি:।

বিটিসিএল-এর আইন উপদেষ্টা নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড-এ একজন আইন উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আইন পেশায় নিয়োজিত অ্যাডভোকেটগণের নিকট হতে আগামী ৩১ অক্টোবর ২০১৬ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:-

যোগ্যতা ও অভিজ্ঞতা:

- ০১। আইন পেশায় ন্যূনতম ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে তন্মধ্যে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসর বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।
- ০২। প্রার্থীকে দেওয়ানী আইন, ফৌজদারী আইন, শ্রম আইন, কোম্পানী আইন, চাকুরী সংক্রান্ত বিধি-বিধান, প্রশাসনিক ট্রাইব্যুনাল আইন, চুক্তি আইন, সম্পত্তি হস্তান্তর আইন, সরকারী পাওনা আদায়, সালিশি আইন, টেলিযোগাযোগ নীতিমালা সংক্রান্ত বিধিমালা এবং রীট পরিচালনা ইত্যাদি বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।
- ০৩। প্রার্থীকে অবশ্যই শারীরিক ও মানসিকভাবে সুস্থ এবং বাংলাদেশের নাগরিক হতে হবে।

বিঃদ্র: নিয়োগ সংক্রান্ত অন্যান্য তথ্য ও শর্তাবলী বিটিসিএল-এর ওয়েব সাইটে (www.btcl.com.bd) পাওয়া যাবে।

(মোঃ আবদুর রউফ)
পরিচালক (সংগঠন ও পদ্ধতি)
☎: ০২-৯৩২০১৫৯।

আইন উপদেষ্টার কর্মপরিধি:

- ০১। নিম্ন আদালত/উচ্চ আদালতে বিটিসিএল সংশ্লিষ্ট মামলার রায়ের পর উচ্চ আদালতে মামলা দায়েরের বিষয়ে মতামত প্রদান।
- ০২। সংস্কার পক্ষে মামলা দায়েরের ক্ষেত্রে আরজি সঠিক আছে কিনা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান।
- ০৩। সংস্কারে বিবাদী করে দায়েরকৃত মামলায় সংস্কার জবাব সঠিক আছে কিনা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান।
- ০৪। বিটিসিএল সংশ্লিষ্ট মামলাগুলি সুষ্ঠুভাবে তদারকি করা এবং যথাযথ পদক্ষেপের জন্য সংশ্লিষ্ট প্যানেল অ্যাডভোকেটকে পরামর্শ প্রদান।
- ০৫। বিটিসিএল সংশ্লিষ্ট যে কোন আদালতে মামলায় স্থগিতাদেশ থাকলে উক্ত বিষয়ে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণে আইনগত মতামত প্রদান।
- ০৬। বিটিসিএল-এর যে কোন সম্পত্তির বিষয়ে আইনগত মতামত প্রদান।
- ০৭। দেশী/বিদেশী বিভিন্ন ক্যারিয়ারের সাথে বিটিসিএল-এর চুক্তির শর্তাবলী যথাযথ আছে কিনা ইত্যাদি বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা করে ভেটিং প্রদান করা।
- ০৮। ক্ষেত্র বিশেষে বিভিন্ন মামলা পরিচালনার ক্ষেত্রে উচ্চ আদালত বা সালিশি আদালতে সিনিয়র আইনজীবী এবং আরবিট্রেটর নিয়োগের জন্য সংস্কারে সহায়তা করা।
- ০৯। ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় এবং বিটিসিএল প্রদত্ত আইন সংশ্লিষ্ট যে কোন দায়িত্ব যথাযথভাবে প্রতিপালন।

শর্তাবলী:

- ০১। নিয়োগের মেয়াদকাল : যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসর বা এই বিষয়ে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তা বলবৎ থাকিবে।
- ০২। রিটেনার ফি : ২০,০০০/- টাকা (প্রতিমাসে)।
- ০৩। বয়স : অনূর্ধ্ব ৬৫ বৎসর।
- ০৪। তহবিল, বোনাস বা অন্য কোন আর্থিক সুবিধা প্রদান করা হইবে না।
- ০৫। বিটিসিএল হইতে কোন গাড়ী/যানবাহনের সুবিধা প্রদান করা হইবে না।
- ০৬। আইন উপদেষ্টাকে একটি অফিস কক্ষ ও প্রয়োজনীয় ষ্টাফ সরবরাহ করা হইবে।
- ০৭। আইন উপদেষ্টাকে বিটিসিএল এর প্যানেল অ্যাডভোকেটগণের সঙ্গে সমন্বয় করে মামলা নিষ্পত্তিতে স্বরাশ্রিত করা এবং মামলার ফলাফল সরকার পক্ষে আনায়নের জোর প্রচেষ্টা গ্রহণ করিতে হইবে।
- ০৮। বিটিসিএল এর চাহিদা অনুযায়ী কর্তৃপক্ষ আইন উপদেষ্টার নিকট হইতে আইনগত মতামত ছাড়াও তাঁর নিকট মামলা বিতরণ করার অধিকার সংরক্ষণ করিবে।
- ০৯। তাঁর নিকট বিতরণকৃত মামলা পরিচালনার জন্য বিটিসিএল-এর অনুমোদনকৃত নির্ধারিত রেট অনুসারে ফিস প্রদান করা হইবে।
- ১০। তিনি বিটিসিএল-এর আইন উপদেষ্টা হিসাবে নিয়োজিত থাকা অবস্থায় অন্য কোন সংস্থায় আইন উপদেষ্টা হিসাবে নিয়োজিত থাকিতে পারিবেন না। এ ছাড়া বিটিসিএল এর বিরুদ্ধে কোন মামলায় কনটেন্ট করিতে পারিবেন না।
- ১১। আইন উপদেষ্টা বা বিটিসিএল উভয় পক্ষই নিজস্ব প্রয়োজনে ৩০ দিনের নোটিশে এই নিয়োগ বাতিল করিতে পারিবেন।
- ১২। প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, বর্তমান ও স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, অবসরপ্রাপ্ত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের অবসর গ্রহণের তারিখ, অ্যাডভোকেট হিসাবে তালিকাভুক্তির তারিখ, সুপ্রীমকোর্ট-এর হাইকোর্ট বিভাগ, শ্রম আদালত, জেলা ও অন্যান্য আদালতসহ বিভিন্ন ট্রাইব্যুনাল, যে সব আইন সম্পর্কে বিশেষভাবে ওয়াকিবহাল উহা উল্লেখপূর্বক প্রতিষ্ঠানের নামসহ আইন উপদেষ্টা হিসাবে অতীত অভিজ্ঞতা এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবিসহ পূর্ণাঙ্গ দরখাস্ত আগামী ৩১ অক্টোবর ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর পরিচালক (সংগঠন ও পদ্ধতি), বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড, কেন্দ্রীয় কার্যালয়, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০ এই ঠিকানা বরাবর পাঠাইতে হইবে।
- ১৩। সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব ইত্যাদি সনদপত্রের ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি এবং চারিত্রিক সনদপত্রের মূল কপি আবেদন পত্রের সঙ্গে দাখিল করিতে হইবে।